বিদ্যুৎ ও জ্বালানি
নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(বিসিএমসিএল)
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
চৌহাটি, পার্বতীপুর, দিনাজপুর।
রিক্রুটমেন্ট, ট্রেনিং, ছুটি ও রিটায়ারমেন্ট শাখা

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত ‘নৈতিকতা কমিটি’-এর প্রথম প্রান্তিকের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | আবু তাহের মোঃ নূর-উজ-জামান চৌধুরী<br>মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন) ও আহ্বায়ক, নৈতিকতা কমিটি, বিসিএমসিএল |
| সভার তারিখ | ১৮ আগস্ট ২০২১ |
| সভার সময় | বিকাল ০৩:৩০ টা |
| স্থান | সভাপতির দপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়।

**২.০। আলোচনা:**

২.১। সভায় উল্লেখ করা হয় যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর কিছু উন্নয়ন ও পরিবর্তন সাধন করা হয়েছে; যেমন: সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমসমূহকে (জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার) সমন্বিতভাবে এপিএ’র অংশ হিসাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এপিএ-তে মোট ১০০ নম্বরের মধ্যে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন এবং তথ্য অধিকার কর্মপরিকল্পনাসমূহ বাস্তবায়নের জন্য সর্বমোট ৩০ নম্বর (ওয়েটেড স্কোর) বরাদ্দ আছে। এই ৩০ নম্বরের মধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ১০ নম্বর (ওয়েটেড স্কোর) বরাদ্দ রাখা হয়েছে। ফলে বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

২.২। সভায় বিসিএমসিএল-এর ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ১ম কোয়ার্টারের (জুলাই ২০২১ - সেপ্টেম্বর ২০২১) লক্ষ্যমাত্রাসমূহ সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয়। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী ১ম কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রাসমূহ নিম্নরূপ:

| কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচক | সূচকের মান | একক | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ | ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা | ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|---|---|
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা…………………………………** | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | ৪ | সংখ্যা | আহ্বায়ক, নৈতিকতা কমিটি | ৪ | ১ |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | ৬ | % | মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক, সংশ্লিষ্ট বিভাগ | ১০০ | ১০০ |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | ৪ | সংখ্যা | ১ম কোয়ার্টার: মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৪ | ১ |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণ আয়োজিত | ২ | সংখ্যা | মহাব্যবস্থাপক (প্রশাসন) | ৩ | ১ |
| ১.৬ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দপ্তর/সংস্থায় দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | কর্ম-পরিকল্পনা ও ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত ও আপলোডকৃত | ৪ | তারিখ | নৈতিকতা কমিটি/উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | ৩০.০৬.২১<br>১৫.১০.২১<br>১৫.০১.২২<br>১৫.০৪.২২<br>১৫.০৭.২২ | ৩০.০৬.২১ |
| **২. ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার ..................................................................** | | | | | | |
| ২.১ ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশিত | ৪ | তারিখ | উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট)/উপ-মহাব্যবস্থাপক (আইসিটি) | ৩০.০৯.২১ | ৩০.০৯.২১ |
| **৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম .......................................................................** | | | | | | |
| ৩.২ ক্রয়কার্যে ই-জিপি টেন্ডারে সর্বোচ্চ ব্যবহারকরণ | ই-জিপি তে টেন্ডার আহ্বানকৃত | ৪ | % | মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ৮০ | ৮০ |
| ৩.৩ বিদ্যুতের অপচয় রোধকল্পে পদক্ষেপ গ্রহণ | বিদ্যুতের অপচয় রোধে পদক্ষেপ গৃহীত | ৪ | % | সকল মহাব্যবস্থাপক | ৪ | ১ |
| ৩.৪ মালামাল সরবারহের পর দ্রুততম সময়ের (১০ কর্মদিবস) মধ্যে গুণগতমান যাচাইকরণ | মালামালের গুণগতমান দ্রুততম সময়ের মধ্যে যাচাইকৃত | ৪ | সংখ্যা | মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ২০ | ৫ |
| ৩.৫ বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ চালুকরণ | বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরিত | ৪ | % | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/ মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট) | ২৫ | ২৫ |

২.৩। সভাকে অবহিত করা হয় যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত “আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২” অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য বিসিএমসিএল-এ গঠিত নৈতিকতা কমিটি কর্তৃক অনুমোদিত ও চূড়ান্তকৃত বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ নির্ধারিত তারিখ (২৫ জুন ২০২১) এর পূর্বেই গত ২৪ জুন ২০২১ তারিখে বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)-এ প্রেরণ করা হয়েছে এবং কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২.৪। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ২.১ অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সভাকে অবহিত করা হয় যে, উক্ত নির্ধারিত তারিখের পূর্বেই বিসিএমসিএল-এর ২০২০-২১ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা কোম্পানির ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২.৫। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত

অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১ম কোয়ার্টারে মহাব্যবস্থাপক (প্রশাসন) কর্তৃক ১ (এক) টি সভা আহ্বান করতে হবে। এছাড়া, ক্রমিক ১.৪ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১ টি প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে।

২.৬। শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রমের আওতায় বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.২ অনুযায়ী ক্রয়কার্যের ৮০% ই-জিপি টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করার লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। সে অনুযায়ী ক্রয়কার্যে ই-জিপি টেন্ডারে সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন মর্মে সভা একমত পোষণ করে।

২.৭। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.৩ অনুযায়ী বিদ্যুতের অপচয় রোধকল্পে পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিদ্যুতের অপচয় রোধকল্পে কি কি পদক্ষেপ গ্রহণ করা যায় সভায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এয়ারকুলার সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার এবং আবহাওয়া অনুযায়ী পোশাক পরিধান সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার প্রয়োজনীয়তার প্রতি সভায় গুরুত্বারোপ করা হয়। আবাসিক ও অফিস ভবনসহ অন্যান্য স্থাপনার ফ্যান, লাইট, এয়ারকুলার ইত্যাদির ব্যবহার ন্যূনতম রাখার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীগণ কক্ষের বাহিরে থাকা অবস্থায় এগুলো বন্ধ রাখা, বিকেলে অফিস ত্যাগের সময় কক্ষের সকল বাতি, এয়ারকুলার নিজ দায়িত্বে বন্ধ করে যাওয়া এবং অফিসে আসার পূর্বে এগুলো যাতে চালু না হয়, সে বিষয় নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণকে সচেতন করা যেতে পারে। এছাড়া, বিদ্যুতের অপচর রোধকল্পে স্ট্রিট লাইটসমূহ সূর্যাস্তের পূর্বে প্রজ্বলন না করা ও সূর্যোদয়ের পর পরই বন্ধ নিশ্চিত করা প্রয়োজন মর্মে সভা একমত পোষণ করে।

২.৮। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.৪ অনুযায়ী মালামাল সরবারহের পর দ্রুততম সময়ের (১০ কর্মদিবস) মধ্যে গুণগতমান যাচাই এবং ক্রমিক ৩.৫ অনুযায়ী ২৫% বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ নিশ্চিত করার জন্য কোম্পানির সংশ্লিষ্ট বিভাগ/ডিপার্টমেন্ট-কে অনুরোধ করার বিষয়ে সভা একমত পোষণ করে।

**৩.০। সিদ্ধান্ত:**

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৩.১। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ১ম কোয়ার্টারে ১ (এক) টি সভা আহ্বান করতে হবে।
**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.২। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ১.৪ অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের জন্য শুদ্ধাচার সংক্রান্ত ১ টি প্রশিক্ষণ ১ম কোয়ার্টারে আয়োজন করতে হবে।
**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল।

৩.৩। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.২ অনুযায়ী ক্রয়কার্যে ই-জিপি টেন্ডারের সর্বোচ্চ ব্যবহার করতে হবে।
**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট), বিসিএমসিএল।

৩.৪। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.৩ অনুযায়ী বিদ্যুতের অপচয় রোধকল্পে পদক্ষেপ গ্রহণ করতে হবে। বিদ্যুতের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে এয়ারকুলার সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় ব্যবহার এবং আবহাওয়া অনুযায়ী পোশাক পরিধান সংক্রান্ত সরকারি সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। আবাসিক ও অফিস ভবনসহ অন্যান্য স্থাপনার ফ্যান, লাইট, এয়ারকুলার ইত্যাদির ব্যবহার ন্যূনতম রাখার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীগণ কক্ষের বাহিরে থাকা অবস্থায় এগুলো বন্ধ রাখা, বিকেলে অফিস ত্যাগের সময় কক্ষের সকল বাতি, এয়ারকুলার নিজ দায়িত্বে বন্ধ করে যাওয়া এবং অফিসে আসার পূর্বে এগুলো যাতে চালু না হয়, সে বিষয় নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানির কর্মকর্তা-কর্মচারীগণকে সচেতন ও সচেষ্ট হতে হবে। এছাড়া, বিদ্যুতের অপচর রোধকল্পে স্ট্রিট লাইটসমূহ সূর্যাস্তের পূর্বে প্রজ্বলন না করা ও সূর্যোদয়ের পর পরই বন্ধ নিশ্চিত করতে হবে।
**কার্যব্যবস্থায়:** সকল বিভাগ/ডিপার্টমেন্ট/দপ্তর প্রধান এবং সংশ্লিষ্ট ভিজিলেন্স টিম, বিসিএমসিএল।

৩.৫। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.৪ অনুযায়ী মালামাল সরবারহের পর দ্রুততম সময়ের (১০ কর্মদিবস) মধ্যে গুণগতমান যাচাই করতে হবে।
**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট), বিসিএমসিএল।

৩.৬। বিসিএমসিএল-এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর ক্রমিক ৩.৫ অনুযায়ী ২৫% বিলের অর্থ ঠিকাদারের ব্যাংক একাউন্টে প্রেরণ নিশ্চিত করতে হবে।
**কার্যব্যবস্থায়:** মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)/ মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)/ উপ-মহাব্যবস্থাপক (প্রকিউরমেন্ট), বিসিএমসিএল।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু তাহের মোঃ নূর-উজ-জামান চৌধুরী
মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন) ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি, বিসিএমসিএল

স্মারক নম্বর: ২৮.১২.০০০০.২২১.৮৪.০০১.২১.১০৭

তারিখ: ৪ ভাদ্র ১৪২৮
১৯ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২) মহাব্যবস্থাপক, মাইন অপারেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৩) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), কোম্পানি সচিবালয় বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৪) মহাব্যবস্থাপক, অর্থ ও হিসাব বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৫) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৬) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), প্লানিং এন্ড এক্সপ্লোরেশন বিভাগ, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৭) উপ-মহাব্যবস্থাপক, মার্কেটিং এন্ড সেলস ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৮) উপ-মহাব্যবস্থাপক, প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
৯) উপ-মহাব্যবস্থাপক, অডিট ডিপার্টমেন্ট, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
১০) সকল বিভাগ, ডিপার্টমেন্ট ও শাখা প্রধান, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড, দিনাজপুর।

মোঃ জাহিদ আনোয়ার
ব্যবস্থাপক